# নারীর চোখে সুলেখা সান্যালের উপন্যাস: এক ভিন্ন পাঠ

ড. মণিকুন্তলা বসু

বিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে কথাসাহিত্যিক সুলেখা সান্যালকে পেলাম। বাংলা সাহিত্যের ইতিহাসে অনালোচিত থেকে গেছেন এই সাহিত্য ব্যক্তিত্ব। এই লেখিকার লেখনীতে সমৃদ্ধ হয়েছে বিশ শতকের পঞ্চাশ ও যাটের দশকের প্রারম্ভ। প্রায় অর্ধ শতক জুড়ে এই সাহিত্য ব্যক্তিত্ব শুধু অনালোচিত থাকলেন না, সেই সঙ্গে বিস্মৃতির অন্ধকারে থেকে গেলেন। এই বিস্মৃতি যেমন লেখিকার প্রতি অবিচার, তেমনি বাংলা সাহিত্যের ক্ষেত্রেও বিরাট অপ্রাপ্তি।

চিরাচরিত সমাজ ব্যবস্থায় লিঙ্গবৈষম্য ছিল প্রকট। নারীর নিজস্ব কোনও চিন্তা-ভাবনা-মননের পরিসর ছিল না। নারী জীবনের সার্থকতা ছিল ভালো গৃহিণী ও জননী হওয়ার মধ্যে। পুরুষতন্ত্রই নারীর জীবনের সার্থকতার মাপকাঠির নির্ধরক ছিল। এ সকল প্রতিকূলতাকে দূরে সরিয়ে রেখে বাংলা সাহিত্যে নিজস্ব ভাবনা, দুঃখ, না পাওয়ার যন্ত্রণাকে অবলীলায় প্রকাশ করলেন একদল মুক্তিকামী মহিলা কথাসাহিত্যিক। রাসসুন্দরী দেবী, কৃষ্ণকামিনী দাসী, জ্যোর্তিময়ী দেবী, অনিন্দিতা দেবী, আশাপূর্ণা দেবী, আশালতা সিংহ, নিরুপমা দেবী, লীলা মজুমদার, রোকেয়া সাখাওয়াত হোসেন প্রমুখ বহু সাহিত্যিক। এঁরা নিজের কথা অকপটে তাঁদের লেখায় উজাড় করে দিলেন। পুরুষ দ্বারা রচিত জাল কেটে নারী ক্রমান্বয়ে জাগ্রত হয়ে উঠতে লাগল। প্রাচীনকালে নারী শিক্ষার আলোকে আলোকিত ছিল। সপ্তদশ শতকেও মনসামঙ্গলের চন্দ্রাবতীর যে উত্তরাধিকার তা ক্রমশ সমাজ থেকে হারিয়ে যেতে থাকে। ঊনবিংশ শতকে নারী ক্রমান্বয়ে শিক্ষার আলোতে ফিরতে থাকে। সংকীর্ণতা কাটিয়ে বাংলা সাহিত্যে পুরুষের সাহিত্য সাধনার সঙ্গী হয়ে উঠল নারীরাও। নারী আপন সত্তায়, মননে জাগ্রত হয়ে সাহিত্য সাধনায় মনোনিবেশ করেন এবং সমাজ-পরিবারকে নিজস্ব ভাবনায় পর্যবেক্ষণ করে সাহিত্যে তুলে ধরেন। এই বিনির্মাণের জন্য আত্মসচেতনতা একান্তই জরুরী বিষয় বলে বিবেচিত হয়।

নারী প্রগতি আন্দোলনের প্রভাবে শিক্ষিত হতে থাকল। নারী তাঁর সামাজিক অবস্থান, সত্তা বিষয়ে সচেতন হল। দেখলেন তাদের জন্য সমাজের কোথাও কোনও স্থান নেই। সমাজ নির্দিষ্ট লিঙ্গ বৈষম্যকে অস্বীকার করে কথাসাহিত্যের আঙিনায় আত্মপ্রতিষ্ঠিত করতে সচেষ্ট হলেন এই নারীরা। এই নিজস্ব ঘরের অভাবের কথা আমরা পাই ভার্জিনিয়া উল্ফ-এর 'room of one's own"-এ। মেয়েদের নিশ্চিত আশ্রয় না তাঁর পিত্রালয়, না তাঁর স্বামীগৃহ। সে হল ভাসমান শ্যাওলা।

নারী তাঁর অভিজ্ঞতার স্তরকে পুরুষের সমান্তরালে এক নতুন ঐতিহ্যকে শিল্পরূপ দিলেন। নবজাগরণের ফলে এবং বিশ্বযুদ্ধের ফলে নারী এক ঝটকায় অন্দরমহল থেকে বহির্বিশ্বে এসে উপস্থিত হল। তাঁদের অভিজ্ঞতায় সামাজিক সমস্যা আরও বড় পরিধিতে

| | | |
|---|---|---|
| উনিশ ও বিশের দুই মহিলা কবি | ১২৮ | সুরূপা কর |
| বেগম রোকেয়া (১৮৭৭-১৯৩২) একটি সমীক্ষা | ১৩৪ | সেখ সাব্বির হোসেন |
| নারীর চোখে সুলেখা সান্যালের উপন্যাস: এক ভিন্ন পাঠ | ১৪০ | মনিকুন্তলা বসু |
| রাসসুন্দরী দেবীর আমার জীবন | ১৪৯ | তন্ময় মালাকার |
| পাঁচটি নারী পাঁচটি প্রজন্ম: প্রসঙ্গ ভারতী রায়ের 'একাল সেকাল পাঁচ প্রজন্মের ইতিকথা' | ১৫৪ | অম্বালিকা সরকার |
| রবীন্দ্রনাথের ছোটগল্পে নারী: নারীবাদী আলোচনা | ১৫৮ | ফারহিন হোসেন |
| উনিশ শতকে নারীশিক্ষা : বহুমুখী প্রবর্তনা | ১৬৮ | সোনালী গোস্বামী |
| বিশ শতকের বিদুষী : মহাশ্বেতা দেবী | ১৭৯ | আব্দুর রাজ্জাক |
| উনিশ শতকের সমাজের দৃষ্টিতে নারী : একটি বিশ্লেষণীমূলক আলোচনা | ১৮৩ | আসমিন সেখ |
| উনিশ শতকীয় নবজাগরণের ঢেউয়ে সাহিত্য ক্ষেত্রে বাঙালি নারীদের উত্থানপ্রসঙ্গ | ১৯১ | সুতৃষ্ণা সরদার |
| স্বাধীনতা সংগ্রামে বাঙলার নারী | ২০০ | অসীম কুমার হালদার |
| নারীর ক্ষমতায়ন : প্রেক্ষিত রবীন্দ্র ছোটগল্প ল্যাবরেটরী | ২০৯ | দীপঙ্কর বিশ্বাস |
| সুচিত্রা ভট্টাচার্যের উপন্যাসে সামাজিক ট্র্যাডিশন | ২১৪ | পুলকেশ মণ্ডল |
| লেখক পরিচিতি | ২২২ | |

UNIS O BIS SATAKER NABAJEEBANER BARTABAHI NARI
The Torch-Bearer Women of Nineteenth and Twentieth Century – a collection of life and activities of stalwart women across the country, an edited volume, Edited by Dr. Goutam Kumar Ghosh & Dr. Pulokes Mondal, Published by Debasis Bhattacharjee, Bangiya Sahitya Samsad, 6/2 Ramanath Majumdar Street, Kolkata-700009. April 2023 Rs. 350.00

© লেখক

প্রকাশক ও স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া কোনো উপায়েই এই গ্রন্থের কোনো অংশের কোনোরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রথম প্রকাশ
এপ্রিল ২০২৩
১লা বৈশাখ ১৪৩০

প্রকাশক
দেবাশিস ভট্টাচার্য
বঙ্গীয় সাহিত্য সংসদ
৬/২, রমানাথ মজুমদার স্ট্রিট
কলকাতা : ৭০০০০৯


বর্ণ সংস্থাপন
প্রিন্টম্যাক্স
ইছাপুর

মুদ্রক
এআর প্রিন্টার্স প্রা: লি:
কলকাতা : ৭০০০০৯

ISBN : 978-93-88988-89-6

মূল্য : তিনশো পঞ্চাশ টাকা

# উনিশ ও বিশ শতকের নবজীবনের বার্তাবাহী নারী



সম্পাদনা
গৌতম কুমার ঘোষ
পুলকেশ মণ্ডল